

তারিখ ... ..  
 পৃষ্ঠা ১৭ কলাম ... ..

## দৈনিক ইকিলাব

নিজেদের যোগ্য নাগরিক হিসেবে  
 গড়ে তুলে দেশ সেবায় নিয়োজিত  
 হতে হবে -ডাঃ বিঃ ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের অন্তর্গত বাংলা, আরবী, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামিক স্টাডিজ, দর্শন, নাট্যকলা ও সঙ্গীত, ভাষাতত্ত্ব এবং বিশ্ব ধর্মতত্ত্ব বিভাগের প্রথমবর্ষের ছাত্রছাত্রীদের পরিচিতি সভা গত (রবিবার) বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলে দেশ সেবায় নিয়োজিত হতে হবে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতর এই পরিচিতি সভার আয়োজন করে।

ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক হামিদা আখতার বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত এই পরিচিতি সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন প্রো-ভিসি প্রফেসর জেড. এন তাহমিদা বেগম, বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক এস এম লুৎফর রহমান, আরবী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মুহাম্মদ ফজলুর রহমান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক পারভীন হাসান, ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক এএইচএম মুজতবা হোছাইন, বিশ্ব ধর্মতত্ত্ব বিভাগের চেয়ারম্যান অধ্যাপক কাজী নূরুল ইসলাম, ভাষাতত্ত্ব বিভাগের চেয়ারম্যান সাখাওয়াত আনসারী, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক নূজরুল ইসলাম এবং ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের উপ-পরিচালক সৈয়দ রেজাউর রহমান।